ছোটদের
দ্বীন শিক্ষা

প্লে (বয়স যখন ৪+)

লেখক ও সংকলক

শফিউদ্দিন চৌধুরী, এস. এম. হাসিবুল আলম তাওসিফ

সম্পাদক

মাওলানা রাকিবুল ইসলাম

কবিতা

জাকারিয়া মাসুদ, মাওলানা রাকিবুল ইসলাম

বানান

মনির হুসাইন

শিল্প নির্দেশনা

নয়ন সরকার

চিত্রাঙ্কন

আশরাফুল আজীম

গ্রাফিক ডিজাইন

শেখ রাইফুল ইসলাম রাহাদ
রায়হান মুক্তাদির

ATFAAL
by sondipon

সূচিপত্র

অধ্যায়	পরিচ্ছেদ	পাঠ	ক্লাস	পৃষ্ঠা
১. তাওহীদ	১	১. আল্লাহ মহান সৃষ্টিকর্তা	৩	৫
		২. অসীম দয়াবান	৩	৭
		৩. সূরা ফাতিহা	৩	৯
	২	১. ৫টি খুঁটি	৩	১১
		২. শাহাদাহ	৩	১৩
	৩	১. আল্লাহর আদেশ মানেন যারা	২	১৪
		২. উত্তম আখলাক বিনিময়ে জান্নাত	২	১৫
		৩. খাবারের শুরুতে দুআ	৩	১৭
		৪. অনুশীলনী	৩	১৮
২. রিসালাত	৪	১.সুন্নত	২	২১
		২. আল্লাহর স্মরণে কবিতা	৩	২৩
		৩. সূরা ইখলাস	৩	২৫
	৫	১. নামাজ : ৫ ওয়াক্ত	৩	২৭
		২. মসজিদ : সাতাশ গুণ	৩	২৯
	৬	১. শত্রুকে রাখি চিনে	২	৩১
		২. দয়া করা মহৎ গুণ	২	৩২
		৩. খাবার খাওয়ার পরের দুআ	৩	৩৪
		৪. অনুশীলনী	৩	৩৫

৩. ঈমান	৭	১. ঈমান	২	৩৮
		২. ইসলাম	৩	৪০
		৩. সূরা ফালাক	৩	৪২
	৮	১. সিয়াম	৩	৪৪
		২. সুন্দর কিছু দেখলে ‘মাশাআল্লাহ’ বলা	২	৪৫
	৯	১. মক্কা-মদিনা	৩	৪৬
		২. ক্ষমাকারী সবার প্রিয়	২	৪৮
		৩. ইসতিঞ্জায় যাওয়ার দুআ	৩	৪৯
		৪. অনুশীলনী	৩	৫০
৪. ইবাদত	১০	১. আল-কুরআন	২	৫৩
		২. আল্লাহর পুরস্কার	৩	৫৫
		৩. সূরা নাস	৩	৫৬
	১১	১. হজ, যাকাত ও কুরবানি	২	৫৮
		২. ইনশাআল্লাহ	২	৬০
	১২	১. আমাদের উৎসব	৩	৬১
		২. নিয়ামত পেলে রবের শুকরিয়া	২	৬৩
		৩. ইসতিঞ্জা থেকে বের হওয়ার দুআ	৩	৬৫
		৪. অনুশীলনী	৩	৬৬

অধ্যায় ১
তাওহীদ



১. আল্লাহর সৃষ্ট বস্তুগুলো রং করি

গাছ



মসজিদ



চাঁদ



আপেল



ফুল



রেহাল

২. আল্লাহ আমাদের .... । (ইচ্ছেমতো রং করি)



আর-রব (পালনকর্তা)

আল-খালিক (সৃষ্টিকর্তা)

১. শুনি ও বলি

আল্লাহ মোদের রিযিকদাতা
বড়ই মেহেরবান,
তাঁর দয়াতেই বেঁচে আছে
নিখিল বিশ্ব-জাহান।
তিনিই হলেন সবার প্রভু
অসীম দয়াবান,
তাঁর কাছেতেই ফিরে যাবে
মোদের সবার প্রাণ।



জিবরীল عليه السلام একদিন নবি ﷺ-এর কাছে বসে ছিলেন। হঠাৎ আকাশের দিকে একটি আওয়াজ শোনা গেল। জিবরীল عليه السلام সেদিকে তাকিয়ে বললেন, 'আকাশের একটি দরজা খোলা হয়েছে। এ দরজাটি আগে আর কখনো খোলা হয়নি।'

তারপর সেই দরজা দিয়ে একজন ফেরেশতা পৃথিবীতে নেমে এলেন।

জিবরীল عليه السلام নবিজিকে বললেন, 'এই ফেরেশতা আজকেই পৃথিবীতে এসেছেন। এর আগে কখনো আসেননি।'

সেই ফেরেশতা এসে নবিজিকে সালাম দিলেন। এরপর বললেন, 'আল্লাহর রাসূল! দুটি নূরের সুসংবাদ গ্রহণ করুন। এগুলো আপনাকে দেওয়া হয়েছে। আপনার আগে আর কোনো নবিকে তা দেওয়া হয়নি। এগুলো হলো সূরা ফাতিহা এবং সূরা বাকারার শেষ কয়েকটি আয়াত।'

মক্কায় অবতীর্ণ

সূরা ফাতিহা

সূরা নং : ১
আয়াত : ৭

১	পরম করুণাময় ও অতিশয় দয়ালু আল্লাহর নামে।	بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ (বিসমিল্লা-হির রহমা-নির রহী-ম)
২	সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগৎসমূহের প্রতিপালক।	اَلۡحَمۡدُ لِلّٰهِ رَبِّ الۡعٰلَمِیۡنَ (আলহাম্দু লিল্লা-হি রব্বিল'আ-লামীন)
৩	যিনি অত্যন্ত মেহেরবান, পরম দয়ালু।	الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ (আররহমা-নির রহী-ম)
৪	যিনি প্রতিদান-দিবসের মালিক।	مٰلِكِ یَوۡمِ الدِّیۡنِ (মা-লিকি ইয়াওমিদদী-ন)
৫	আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং তোমারই কাছে সাহায্য চাই।	اِیَّاكَ نَعۡبُدُ وَ اِیَّاكَ نَسۡتَعِیۡنُ (ইয়্যা-কা না'বুদু ওয়াইয়্যা-কা নাস্তাঈ-ন)
৬	আমাদেরকে সরল-সঠিক পথ দেখাও।	اِهۡدِنَا الصِّرَاطَ الۡمُسۡتَقِیۡمَ (ইহদিনাস সিরা-ত্বল মুস্তাক্বী-ম)
৭	তাদের পথ, যাদেরকে তুমি অনুগ্রহ করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা বিপথগামী।	صِرَاطَ الَّذِیۡنَ اَنۡعَمۡتَ عَلَیۡهِمۡ ۙ۬ غَیۡرِ الۡمَغۡضُوۡبِ عَلَیۡهِمۡ وَ لَا الضَّآلِّیۡنَ (সিরা-ত্বল্লাযী-না আন'আমতা আ'লাইহিম গইরিল মাগ্দু-বি'আলাইহিম ওয়ালাদ্দ-ল্লী-ন)

ইসলামের পাঁচটি খুঁটি

শাহাদাহর মানে হলো সাক্ষ্য দেওয়া। লা ইলাহা ইল্লাল্লাহ, মুহাম্মাদুর রাসূলুল্লাহ। মহান আল্লাহ তাআলা ছাড়া আর কোনো ইলাহ নেই, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল। এই কথাগুলো অন্তরে বিশ্বাস করা, মুখে স্বীকার করা এবং কাজে বাস্তবায়ন করাই হলো শাহাদাহ।

১. ভালোগুলোতে টিক চিহ্ন দিই ও মন্দগুলোতে ক্রস চিহ্ন দিই

খাবারের শুরুতে দুআ

بِسْمِ اللّٰه

(বিসমিল্লা-হ)

আল্লাহর নামে।

শুরুতে বলতে ভুলে গেলে বলবে

بِسْمِ اللّٰهِ فِيْ أَوَّلِهٖ وَآخِرِهٖ

(বিসমিল্লা-হি ফী আউয়ালিহি ওয়া আ-খিরিহি)

এর শুরু ও শেষ আল্লাহর নামে।

আবূ দাঊদ, ৩৭৬৭

১. সঠিক ধারাটিতে টিক চিহ্ন দাও

☐ ঈমান → হজ → নামাজ → যাকাত → রোজা

☐ রোজা → নামাজ → হজ → ঈমান → যাকাত

☐ ঈমান → নামাজ → রোজা → যাকাত → হজ

☐ যাকাত → হজ → ঈমান → নামাজ → রোজা

২. ছবি দেখে আরবি বলো

ক

খ

৩. নিচের ছবিগুলো থেকে ভালো ছবিটি চিহ্নিত করে টিক চিহ্ন দাও









৪. দাগ টেনে লেখার সাথে ছবি মিলাও

আল্লাহ মহান

উত্তম আখলাক

সূরা ফাতিহা

পাঁচ

খাবার